সংবাদ

917

তারিখ 29/6/83

পৃষ্ঠা

153

# বার কাউন্সিলের লিগ্যাল প্র্যাকটিশনার এণ্ড এনরোলমেন্ট পলিসি বাতিলের আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ আইন শিক্ষার্থী পরিষদ ১৯৮০ সালে আবিষ্কৃত বার কাউন্সিলের লিগ্যাল প্রাকটিশনার এ্যাণ্ড এনরোলমেন্ট পলিসি বাতিল করার আহবান জানিয়েছেন।

গত বৃহস্পতিবার বিকেলে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বক্তৃতা প্রসঙ্গে পরিষদের নেতৃবৃন্দ এ আহ্বান জানান। তারা বলেন ১৯৭২ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত উক্ত পলিসি বহাল ছিল তবে উকিলের পেশায় নিয়োজিত হবার আগে তখন শুধুমাত্র মৌখিক সামান্য কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হত। কিন্তু ১৯৮০ সালের ২রা আগষ্ট আবিষ্কৃত পলিসিতে আইন পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের প্রথমে লিখিত এবং লিখিত পরীক্ষায় কৃতকার্য হবার পর মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হলেও সিভিল সার্ভিস পরীক্ষার ন্যায় একটা পরীক্ষা দেয়ার বিধান রাখা হয়েছে। তারা এই পলিসিকে 'উদ্দেশ্যমূলক' বলে আখ্যায়িত করেছেন। এবং এই পলিসি সম্পূর্ণরূপে বাতিল করার দাবী জানিয়েছেন।

তারা জানান, বার কাউন্সিল ইতিপূর্বে চার বার আইন শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করার চেষ্টা করেছেন। কিন্তু আইন শিক্ষার্থী পরিষদের বিরোধীতার মুখে সে প্রচেষ্টা বানচাল হয়ে গেছে। পুনরায় পরীক্ষা গ্রহণ করার জন্য বার কাউন্সিল আগামী ২৭শে জুন তারিখ নির্ধারণ করেছেন। তারা পরীক্ষা গ্রহণের প্রচেষ্টা থেকে বিরত থাকার জন্য বার কাউন্সিলের প্রতি আহ্বান জানান। এবং এল, এল, বি, পাস করার পর পরই এডভোকেটশীপ প্রদান করার জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানান।

পরিষদের নেতৃবৃন্দ ল' ডিগ্রীধারীদের ভবিষ্যৎ আইন পেশার পরিপক্কতার জন্য দেশে একাধিক আইন প্রশিক্ষণ একাডেমী, প্রতিটি জেলায় একটি করে সরকারী আইন মহাবিদ্যালয় ও একটি পৃথক আইন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, আইন মহাবিদ্যালয়ের শিক্ষকদের স্বীকৃতি প্রদান, দেশের আইন সভায় আইনজীবীদের প্রতিনিধি গ্রহণ এবং প্রশাসন থেকে বিচার বিভাগকে সম্পূর্ণ পৃথক করার দাবী জানান।

সাংবাদিক সম্মেলনে আইন শিক্ষার্থী পরিষদের সভাপতি জনাব হারুণ আর রশীদ ও সাধারণ সম্পাদক জনাব সরকার মাহাফুজুর রহমান বক্তৃতা করেন।